**বাংলাদেশ পর্যটন করপোরেশন**
প্রশাসন শাখা
পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা - ১২০৭
www.parjatan.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১১.০০৭.২৩(৮)/৭৩২

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩
০৮ সেপ্টেম্বর ২০২৬

**বিজ্ঞপ্তি**

**বিষয়:** বাংলাদেশ পর্যটন করপোরেশন এর বিভিন্ন পদে অপেক্ষমাণ তালিকা হতে নিয়োগের জন্য সুপারিশ।

বাংলাদেশ পর্যটন করপোরেশন এর গত ১৯-১২-২০২৩ খ্রি. তারিখের ৩০.৩২.০০০০.০২১.১১.০০৭.২৩(৭)/৪৬ নম্বর এবং ২৯-১২-২০২৪ খ্রি. তারিখের ৩০.৩২.০০০০.০২১.১১.০০৭.২৩(৭)/১০২৯ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় নিয়োগের জন্য সুপারিশকৃত প্রার্থীদের মধ্য হতে যোগদান না করায় জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ২৫ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নম্বর পরিপত্র অনুযায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে অপেক্ষমাণ তালিকা হতে সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের প্রাথমিক তালিকা মেধাক্রম অনুযায়ী নিম্নে প্রকাশ করা হলো:

| ক্রমিক | পদের নাম | রোল নম্বর |
|---|---|---|
| ০১. | হিসাব রক্ষণ কর্মকর্তা (গ্রেড ৯) | 12009929, 12001575 = ০২ জন |

২. বাংলাদেশ পুলিশ হতে প্রাক-পরিচয় সম্পর্কিত সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি এবং প্রার্থীদের সকল সনদ ও কাগজপত্রের সত্যতা যাচাই শেষে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে। সুপারিশকৃত প্রত্যেক প্রার্থীকে আগামী ১৫-০৯-২০২৬ খ্রি. তারিখের মধ্যে ঢাকার আগারগাঁও-এ অবস্থিত বাংলাদেশ পর্যটন করপোরেশন এর প্রধান কার্যালয়ের প্রশাসন শাখায় উপস্থিত হয়ে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩. যাচাই প্রক্রিয়ায় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি, সনদ জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, দুর্নীতি বা কোনো উল্লেখযোগ্য ত্রুটি প্রমাণিত হলে তিনি নিয়োগের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন এবং প্রয়োজনে তার বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাংলাদেশ পর্যটন করপোরেশন সংরক্ষণ করে।

খালিদ মেহেদী হাসান
(উপসচিব)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, জনবল নিয়োগ কমিটি